

চতুর্দশ শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রিলিমিনারি টেস্টের ফল প্রকাশ

ঢাকা, ৩১ অক্টোবর

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক বিগত ২৫ আগস্ট ২০১৭ তারিখে গৃহীত চতুর্দশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৭এর প্রিলিমিনারি টেস্টের ফলাফল আজ প্রকাশ করা হয়েছে। এ পরীক্ষায় স্কুল পর্যায়ে ৫ লাখ ৩ হাজার ৩৮ জন এবং কলেজ পর্যায়ে ৩ লাখ ৩ হাজার ৬১২ জনসহ মোট ৮ লাখ ৬ হাজার ৬৫০ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে।

এর মধ্যে স্কুল পর্যায়ে এক লাখ ৪ হাজার ৬৯৪ জন এবং কলেজ পর্যায়ে এক লাখ ৫ হাজার ১৮১ জনসহ মোট ২ লাখ ৯ হাজার ৮৭৫ জন উত্তীর্ণ হয়েছে। স্কুল পর্যায়ে পাসের হার শতকরা ২০.৮১ ভাগ এবং কলেজ পর্যায়ে পাসের হার শতকরা ৩৪.৬৪ ভাগ। সার্বিক পাসের হার শতকরা ২৬.০২ ভাগ।

পরীক্ষার ফলাফল <http://ntrca.teletalk.com.bd> ওয়েবসাইট থেকে জানা যাবে। তাছাড়া কৃতকার্য প্রার্থীদেরকে এসএমএস-এর মাধ্যমেও ফলাফল জানিয়ে দেয়া হবে।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯